সমকাল

তারিখ 28 MAY 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# আইএইচটি শিক্ষার্থীদের কর্মসূচি স্থগিত

সমকাল প্রতিবেদক

দাবি বাস্তবায়নের আশ্বাসে আমরণ অনশন কর্মসূচি স্থগিত করেছে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) শিক্ষার্থীরা। ১০ দফা দাবি বাস্তবায়নের দাবিতে ১২ দিন ধরে জাতীয় প্রেস ক্লাবের সামনে তারা আমরণ অনশন কর্মসূচি পালন করছিলেন।

গতকাল শুক্রবার প্রধানমন্ত্রীর তথ্যবিষয়ক উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী ও স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক শাখা) অধ্যাপক ডা. শামিউল ইসলাম শিক্ষার্থীদের মাঝে উপস্থিত হয়ে তাদের দাবি বাস্তবায়নের আশ্বাস দেন।

স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক বলেন, স্বাস্থ্যমন্ত্রী শিক্ষার্থীদের ১০ দফা দাবির যৌক্তিকতা বিবেচনা করে সিদ্ধান্ত নেবেন। এরপর শিক্ষার্থীরা তাদের কর্মসূচি স্থগিতের ঘোষণা দেন। শিক্ষার্থীরা আশা প্রকাশ করেন, তাদের যৌক্তিক ও ন্যায়সঙ্গত ১০ দফা দাবি বাস্তবায়নে সরকার অবিলম্বে উদ্যোগ নেবে।